সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

Secretary
Statistics and Information Division
Ministry of Planning
Government of the People's Republic of Bangladesh

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০০.০০০০.০০৮.১৪.৮৯৩.২০২০-৬১১ তারিখ: ২৭ জানুয়ারি ২০২০

প্রিয় মহাশয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, দেশের বিভিন্ন আর্থ-সামাজিক ক্ষেত্রে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ ও প্রকাশনার নিমিত্ত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো পর্যায়ক্রমে বিভিন্ন শুমারি ও জরিপ পরিচালনা করে আসছে। আপনার আরো অবগতির জন্য জানাচ্ছি যে, স্বাধীন বাংলাদেশে প্রথম গৃহগণনা ১৯৭৩ সালে এবং প্রথম আদমশুমারি ১৯৭৪ সালে অনুষ্ঠিত হয়। ১৯৮১ সালে ২য় আদমশুমারি ও গৃহগণনা একত্রে পরিচালনা করা হয়। পরবর্তীতে তৃতীয়, চতুর্থ এবং পঞ্চম আদমশুমারি ও গৃহগণনা যথাক্রমে ১৯৯১, ২০০১ এবং ২০১১ সালে অনুষ্ঠিত হয়। ২০১৩ সালের পরিসংখ্যান আইনের মাধ্যমে 'আদমশুমারি ও গৃহগণনা' এর নাম পরিবর্তন করে 'জনশুমারি ও গৃহগণনা' করা হয়। টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) সূচক ১৭.১৯.২ অনুযায়ী প্রতিটি দেশে প্রতি দশ বছর অন্তত ০১ (এক) বার 'জনশুমারি ও গৃহগণনা' পরিচালনার বাধ্যবাধকতা রয়েছে। দশ বছর পর্যাবৃত্তি অনুসরণপূর্বক দেশের ষষ্ঠ 'জনশুমারি ও গৃহগণনা' আগামী ২০২১ সালের ০২-০৮ জানুয়ারি সময়ে পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

০২। উল্লিখিত জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্পের আওতায় খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, জোনাল অপারেশনের মাধ্যমে প্রস্তুতিমূলক কাজ এবং মূল শুমারির তথ্য সংগ্রহের কাজ মাঠ পর্যায়ে দেশের প্রতিটি খানা/পরিবার (Household) হতে সংগ্রহ করা হবে। পূর্বে সকল শুমারিতে শুধু পেপার বেইজড প্রশ্নপত্রের মাধ্যমে গণনা কার্যক্রম পরিচালিত হয়েছে। মন্ত্রিপরিষদ কর্তৃক অনুমোদিত National Strategy for the Development of Statistics (NSDS)-এ ই-সেন্সাস (Electronic Census) পরিচালনার উল্লেখ রয়েছে। এছাড়া United Nations Statistics Division (UNSD) কর্তৃক সুপারিশকৃত আন্তর্জাতিক শুমারি গাইডলাইন অনুসরণপূর্বক প্রথমবারের মত জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর গণনা কার্যক্রমে মাল্টিমোড (পেপার বেইজড প্রশ্নপত্র/কল সেন্টার টেলিফোনিক ইন্টারভিউ/মোবাইল অ্যাপ্লিকেশন/পিক অ্যান্ড ড্রপ অফ প্রশ্নপত্র প্রভৃতি) ব্যবহার করে তথ্য সংগ্রহ করা হবে। উক্ত তথ্য সংগ্রহের জন্য মাঠ পর্যায়ে স্থানীয়ভাবে শিক্ষিত জনগোষ্ঠীর মধ্য হতে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ করা হবে। মূল তথ্য সংগ্রহ কার্যক্রম শুরুর পূর্বে গণনা এলাকার সীমানা নির্ধারণ, গণনা এলাকার ম্যাপ প্রস্তুতকরণ ও অন্যান্য প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করা হবে।

০৩। প্রকল্পের কর্মপরিকল্পনা অনুযায়ী দেশের সকল বিভাগের সকল জেলায় ফেব্রুয়ারী, ২০২০ সময়ে খানা তালিকাভুক্তিকরণ ও ম্যাপ হালনাগাদকরণ, মার্চ-এপ্রিল, ২০২০ সময়ে প্রথম জোনাল অপারেশন, অক্টোবর, ২০২০ সময়ে ২য় জোনাল অপারেশনের প্রস্তুতিমূলক কাজ এবং ০২-০৮ জানুয়ারি ২০২১ সময়ে মূল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এ কাজের উদ্দেশ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংরক্ষিত বন, পার্বত্য এলাকার বনসহ সুন্দরবন এলাকায় গমন করে প্রস্তুতিমূলক খানা তালিকাভুক্তিকরণ, জোনাল অপারেশন ও তথ্য সংগ্রহ কার্যক্রম সম্পাদনের উদ্যোগ গ্রহণপূর্বক প্রয়োজনীয় যোগাযোগ করবেন।

০৪। এমতাবস্থায়, জনশুমারি ও গৃহগণনা ২০২১ প্রকল্প এর লিস্টিং অপারেশন (খানা তালিকাভুক্তিকরণ), জোনাল অপারেশন ও মূল তথ্য সংগ্রহ কার্যক্রম সংরক্ষিত বন, পার্বত্য এলাকার বনসহ সুন্দরবন এলাকায় পরিচালনায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য পরিবেশ অধিদপ্তর, বন অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে আপনার একান্ত সহযোগিতা কামনা করছি।

একান্তভাবে আপনার,

২৭/০১/২০২০

সৌরেন্দ্র নাথ চক্রবর্তী
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

জনাব জিয়াউল হাসান এনডিসি
সচিব
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

পরিসংখ্যান ভবন, ই-১৭ এ আগারগাঁও শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭, ফোন: ৫৫০০৭৬৩৫, ৫৫০০৭৬৩৬, ৫৫০০৭৬৩৭ ফ্যাক্স: ৫৫০০৭৬৩৮, ইমেইল: secy@sid.gov.bd, ওয়েবসাইট: www.sid.gov.bd
Parishongkhyan Bhaban, E-17 A Agargaon, Sher-e-Bangla Nagar, Dhaka-1207. Tel: 55007363, 55007364, 55007365 Fax: 55007366. Email: secy@sid.gov.bd Website: www.sid.gov.bd